দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 4 JAN ...
পৃষ্ঠা ... কলাম ... 6 ...

# 'অরণি' ভিন্ন ধারার বিদ্যালয়



আসিফুর রহমান ॥ 'অরণি বিদ্যালয়' একটি ভিন্ন ধারার শিক্ষা প্রতিষ্ঠান। এ বছরই যাত্রা শুরু করলো। এর নামের মধ্যেও ভিন্ন ধারার রেশ ধরা পড়ে। অরণির অর্থ হলো–'এমন কাঠ যা ঘর্ষণে জ্বলে ওঠে'। এই ভিন্ন ধারার উদ্যোগ বোঝা যায় তাদের ঘোষণা পত্রেও। কর্তৃপক্ষ জানাচ্ছেন, প্রচলিত ইংরেজী মাধ্যম স্কুলগুলোর শিক্ষার্থীরা ইংরেজী শিক্ষার বেহিসেবি ধাক্কায় দেশ-বিচ্ছিন্ন মানুষ হয়ে ওঠে। অরণি বিদ্যালয় এই মতো শিক্ষার ঘোরতর বিরোধী। মাতৃভাষার যেমন কোনো বিকল্প নেই, তেমনি আজকের বৈশ্বিক প্রেক্ষাপটে ইংরেজী ভাষা শিক্ষাও অপরিহার্য। তাই সত্যিকার শিক্ষা দ্বারা দেশ ও সমাজ সংলগ্ন থেকে উভয় ভাষায় পারদর্শিতা অর্জন করে শিশুরা ভবিষ্যতে যথার্থ বিশ্ব নাগরিক হয়ে উঠবে–এই-ই অরণি বিদ্যালয়ের লক্ষ্য। এই বিদ্যালয়ের অধ্যক্ষ ইসমাত সুলতানা জানান, স্কুলটি নতুন। কিন্তু শিক্ষকরা প্রত্যেকেই অভিজ্ঞ। আমাদের শিক্ষাদান পদ্ধতিটাও ভিন্ন। আমরা শিশুর যাবতীয় পড়া ক্লাসেই শেষ করাবো। এছাড়া পড়ানো হবে বুঝতে পারে এমনভাবে। শুধুই মুখস্থ করা পড়া নয়। এ বছর ৫টি বিভাগে শিক্ষার্থী ভর্তি চলছে। বিভাগগুলো হলো, অঙ্কুর (৩ বছরের বেশী), কলি (চার বছরের বেশী), কুসুম (৫ বছরের বেশী), প্রথম শ্রেণী (৬ বছরের বেশী), দ্বিতীয় শ্রেণী (৭ বছরের বেশী)।

ভর্তির খরচ ও বেতন

**মাসিক বেতন ও অন্যান্য খরচ বাবদ**

| | | |
|---|---|---|
| ভর্তি | অঙ্কুর (৩+) | ৪,০০০/-. মাসিক বেতন ৩৫০ টাকা |
| | কলি (৪+) | ৪,০০০/-. মাসিক বেতন-৪০০ টাকা |
| | কুসুম (৫+) | ৪,৫০০/-. মাসিক বেতন-৪৫০ টাকা |
| ভর্তি (নতুন) | প্রথম শ্রেণী (৬+) | ৪,৫০০/-. মাসিক বেতন-৫০০ টাকা |
| (নতুন) ভর্তি (নতুন) | দ্বিতীয় শ্রেণী (৭+) | ৫,০০০/-. মাসিক বেতন-৬০০ টাকা |

যোগাযোগের ঠিকানা : বাড়ি-৬০/এ, সড়ক-৭/এ, ধানমণ্ডি, ঢাকা। ফোনঃ ৮১২৩১৭৩, ৮১১৭৪৬২।



ভাবা যায়! এটা অরণির ক্লাসরুম